



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেডপিপলস ডেমোক্রেটিকফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ৮ জুলাই ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

নানিয়াচরে সংস্কারবাদী জেএসএস ও নব্য মুখোশ বাহিনী কর্তৃক ২৭ গ্রামবাসীকে অপহরণের নিন্দা

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) রাঙামাটি জেলা ইউনিটের সংগঠক সচল চাকমা আজ ৮ জুলাই ২০১৮ রবিবার এক বিবৃতিতে জেলার নানিয়াচরে আজ এবং গত ৪ জুলাই জেএসএস সংস্কারবাদী ও নব্য মুখোশ বাহিনী কর্তৃক ২৭ নিরীহ গ্রামবাসীকে অপহরণের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

অপহরণের ঘটনাকে আগামী ২৫ জুলাই অনুষ্ঠিতব্য নানিয়াচর উপজেলা পরিষদের উপনির্বাচনে অন্যায় প্রভাব খাটানোর অপচেষ্টা আখ্যায়িত করে ও ঘটনার বর্ণনা দিয়ে বিবৃতিতে তিনি বলেন, ‘আজ রবিবার (৮ জুলাই) সকাল সাড়ে ৭টার দিকে ইঞ্জিন-চালিত বোট যোগে কাঁচামালসহ বিভিন্ন গ্রামের লোকজন কুদুকছড়ি বাজারে যাওয়ার সময় সংস্কারবাদী ও নব্য মুখোশদের সশস্ত্র সন্ত্রাসীরা হাতিমারা দোরের একটি টিলায় তাদেরকে আটকায়। এরপর তারা আটকানো সমস্ত বোট থেকে আনুমানিক ২৫ জন মুরুব্বীকে বাছাই করে অস্ত্রের মুখে অপহরণ করে গোপন স্থানে নিয়ে যায়। এ অপহরণ ঘটনায় নেতৃত্ব দেয় নব্য মুখোশ বাহিনীর অন্যতম সর্দার প্রত্যয় চাকমা ওরফে দাজ্যা ও পাণ্ডব চাকমা ওরফে রনয়। তারা উভয়েই হিল উইমেন্স ফেডারেশনের দুই নেত্রী মন্টি চাকমা ও দয়া সোনা চাকমার অপহরণ ও একাধিক ইউপিডিএফ সদস্যকে খুনের সাথে জড়িত আসামী।’

ঘটনার সময় সন্ত্রাসীদের নিরাপত্তা দেয়ার জন্য ঘটনাস্থল থেকে এক কিলোমিটার দূরে ভাঙামুড়া নামক স্থানে সেনাবাহিনীর একটি টহল দল অবস্থান নেয় বলে ইউপিডিএফ নেতা জানিয়েছেন।

বিবৃতিতে অপহৃতদের মধ্যে ১১ জনের পরিচয় জানা গেছে বলে উল্লেখ করা হয়েছে। এরা হলেন চন্দ্রলাল চাকমা (৩২) পিতা সুসেন চাকমা গ্রাম ত্রিপুরা ছড়া, সোনমনি চাকমা (৩৮) পিতা মৃত জ্যোতিষ চন্দ্র চাকমা গ্রাম দিমোন্ধে ছড়া, বায়ুধন চাকমা প্রকাশ বায়ক (৫২) পিতা মৃত তেজেন্দ্র চাকমা গ্রাম ধামাই ছড়া, রাতুমনি চাকমা (৪৫) পিতা মৃত প্রেম রঞ্জ চাকমা গ্রাম সাপমারা, শ্যামল কান্তি চাকমা (৪৫) পিতা দয়াল মনি চাকমা গ্রাম সাপমারা, প্রত্যে মোহন চাকমা (৫৫) পিতা মৃত করুণা মোহন চাকমা গ্রাম লাঙল পাড়া, সুইধন চাকমা (৩০) পিতা পদলা চাকমা গ্রাম নতুন বড়াদাম, নবরতন চাকমা (৪৫) পিতা কমদ রঞ্জ চাকমা গ্রাম হুল্লোং পাড়া, লক্ষ্ম সেন চাকমা (৫০) পিতা যাত্রা মোহন চাকমা গ্রাম খামার পাড়া, দেব রঞ্জ শীসা (৫০) পিতা মৃত দুর্গপদ চাকমা গ্রাম ভাঙামুরো, সুনীল কান্তি চাকমা (৫০) পিতা চন্দ্র মোহন চাকমা গ্রাম কাভোলতলি।

ইউপিডিএফ নেতা অপর এক ঘটনা উল্লেখ করে বলেন, ‘এর আগে গত ৪ জুলাই সংস্কারবাদী ও নব্য মুখোশ বাহিনীর সদস্যরা হাটবার নানিয়াচর বাজার থেকে সেনাবাহিনী ও পুলিশের নাকের ডগায় বুড়িঘাট ইউপি ১ নং

ওয়ার্ডের বগাছড়ি গ্রামের বাসিন্দা প্রয়াত আনন্দ মোহন চাকমার ছেলে সুখেত্ত চাকমা (৫০) ও একই গ্রামের প্রয়াত ডুলু চাকমার ছেলে ত্রিদিব চাকমা (৪৮) নামে দুই ব্যক্তিকে অপহরণ করেছিল। সন্ত্রাসীরা তাদের মুক্তির জন্য তাদের দুই পরিবারের কাছ থেকে ২০ লক্ষ টাকা দাবি করে। গতকাল পর্যন্ত তাদের ছেড়ে দেয়া হয়নি।

‘স্থানীয় প্রশাসন ও নিরাপত্তা বাহিনীর সদস্যদের সহযোগিতা ও পৃষ্ঠপোষকতা ছাড়া এভাবে প্রকাশ্য দিবালোকে ও উপজেলা সদর এলাকা থেকে লোকজন অপহরণ করা সম্ভব নয়’ মন্তব্য করে সচল চাকমা বলেন, একটি বিশেষ গোষ্ঠী পার্বত্য চট্টগ্রামে অশান্তি সৃষ্টির জন্য নব্য মুখোশ বাহিনী ও সংস্কারবাদীদেরকে খুন, অপহরণসহ বিভিন্ন সন্ত্রাসী কর্মকাণ্ডে মদদ দিয়ে যাচ্ছে।

তিনি অবিলম্বে অপহৃত গ্রামবাসীদের উদ্ধার এবং সন্ত্রাসীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য সরকারের প্রতি আহ্বান জানান।

বার্তা প্রেরক



নিরন চাকমা
প্রচার ও প্রকাশনা বিভাগ
ইউপিডিএফ।